রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৫২৩**—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচন সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালাসমূহ যুগোপযোগী করার লক্ষ্যে নিম্নরূপ "আইন ও বিধিমালা সংস্কার কমিটি" গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | জনাব আব্দুর রহমানেল মাছউদ, মাননীয় নির্বাচন কমিশনার | -সভাপতি |
| (২) | যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - সদস্য |
| (৩) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য |
| (৪) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য |
| (৫) | উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য |
| (৬) | উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য |
| (৭) | উপসচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য |
| (৮) | উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | -সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যেকোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।


মূল্য : টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি:**

ক) নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচনি আইনসহ সকল আইন ও বিধিমালাসমূহ যাচাই-বাছায়ান্তে যুগোপযোগী এবং সংবিধানের সাথে সংগতিপূর্ণ করার বিষয়ে সুপারিশ প্রদান;

খ) মাঠ পর্যায়ের নির্বাচন পরিচালনার সাথে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাদের মতামত গ্রহণ এবং প্রয়োজনে নির্বাচন কমিশন তাঁদের সাথে মতবিনিময় করবেন;

গ) সংবিধানের ১১৮ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন গঠন এবং নির্বাচন কমিশনার নিয়োগ সংক্রান্ত আইন প্রণয়নের সুপারিশ প্রণয়ন;

ঘ) নির্বাচন সংশ্লিষ্ট ও অন্যান্য মামলা পরিচালনার জন্য আইনজীবী প্যানেল পুনর্বিন্যাস ও সময়ে সময়ে মামলাসমূহের বিষয়ে পর্যালোচনা;

ঙ) নির্বাচনি প্রচারণা ব্যয় (জন তহবিল) আইন প্রণয়ন;

চ) নির্বাচন সংশ্লিষ্ট যেকোনো আইনের বিষয়ে পর্যালোচনা ও পরামর্শ প্রদান;

ছ) আইন বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ ও কনসালটেন্ট নিয়োগ; এবং

জ) কমিশন কর্তৃক সময়ে সময়ে অর্পিত যেকোনো দায়িত্ব বা কার্যক্রম সম্পাদন।

০২। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। উল্লেক্ষ্য, ৩১ মার্চ ২০২২খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১০৬ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**মোঃ শাহ আলম**
উপসচিব (সংস্থাপন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd